



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



২০২২ সালে অনুষ্ঠিতব্য ডিগ্রি (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের তালিকাভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)

তারিখ : ২৬.০২.২০২৩ খ্রি.

- বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০২০ বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ওর্থ বিষয়সহ জিপিএ ২.০০/সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ ২.০০/সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪০% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে অথবা O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষা একটি 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে। তাছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচএসসি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র এইচএসসি ভোকেশননাল), ডিপ্লোমা-ইন-কমার্স, এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২০ সাল বা তৎপূর্বে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ১৯৮৮ সালের পূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- স্নাতক ডিগ্রিধারী যে কোন ছাত্র-ছাত্রী {যে সকল বিষয় নিয়ে ডিগ্রি (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া} নিম্নবর্ণিত (৬ পত্র বিশিষ্ট) যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন আবেদন করতে পারবে।
বিষয় সমূহ : আরবি, সংস্কৃত, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং পালি।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd.admissions তে গিয়ে Applicant Login করে পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ডিগ্রি (পাস) অথবা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে রেজিস্ট্রেশন ফি, তালিকাভুক্তি ফি, ইনকোর্স ফি এবং ব্যবস্থাপনা ফি বাবদ ৯৮৫/- (নয়শত পঁচালিশ) টাকা রকেট/উপায়/নগদ/বিকাশ অ্যাপস এর মাধ্যমে আগামী ১৪.০২.২০২৩ থেকে ২৮.০২.২০২৩ তারিখ পর্যন্ত জমা দিতে হবে (রেজিস্ট্রেশন ফি জমা দান সংক্রান্ত নির্দেশনার জন্য সংযুক্তি-০২ দেখুন)।
- রেজিস্ট্রেশন ফি বিকাশ/নগদ মাধ্যমে পরিশোধ সফল হলে প্রাপ্ত ডিজিটাল রিসিটের ০২ (দুই) কপি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- অনলাইন হতে রেজিস্ট্রেশন ফরম ডাউনলোড করার ০৬ ঘণ্টা পর রেজিস্ট্রেশন ফি প্রদান করতে পারবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।
- আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে :
ক. মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও মূল নম্বরফর্দে সত্যায়িত ফটোকপি
খ. সামরিক বাহিনী/পুলিশ/বিজিবি/আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীগণকে তাদের চাকুরি দুই বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

১১। রেজিস্ট্রেশন ফরম জমা দেওয়ার স্থান ও সময় : ২৮.০২.২০২৩ খ্রি.

সকাল ১০:০০ টা হতে ০১:০০ টা পর্যন্ত

স্থান : দশ তলা ভবন (কক্ষ নং: ১০৩)

১২। ডিগ্রি (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের নিম্নের তালিকা হতে বিষয় নির্বাচন করতে হবে এবং উক্ত বিষয় ফরমের উপরে লিখতে হবে।

ক) বি.এ (পাস) : ১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

২। নৈবাচনিক বিষয় : নিম্নের যে কোন গুচ্ছ থেকে একটি করে মোট তিন বিষয় নিতে হবে।

ক। সংস্কৃত/আরবি/পালি খ। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি গ। ইসলামি শিক্ষা/দর্শন ঘ। অর্থনীতি/সমাজবিজ্ঞান/রাষ্ট্রবিজ্ঞান

খ) বি.এস.এস (পাস) : ১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

২। নৈবাচনিক বিষয় : নিম্নের 'ক' গুচ্ছ থেকে দুইটি এবং অন্যান্য গুচ্ছসমূহ থেকে যে কোন একটি (ক ২টি+ অন্যান্য ১টি)।

ক। অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান খ। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইসলামি শিক্ষা গ। সংস্কৃত/আরবি/পালি ঘ। দর্শন

গ। সার্টিফিকেট কোর্স : আরবি, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং পালি

প্রতি স্বাক্ষর :

✓ ২৬/০২/২০২৩
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

২৬/০২/২০২৩
(জেসমিন ফাতেমা চৌধুরী)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও আস্থায়ক

ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট প্রাইভেট রেজিস্ট্রেশন কমিটি-২০২২

ওয়েবসাইট-www.ctgcollege.gov.bd ইমেইল-ctgcollege@yahoo.com